গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে অর্ধবার্ষিক মূল্যায়ন (জুলাই-ডিসেম্বর/২০২৩) সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি	মোহাম্মদ ইলিয়াস হোসেন যুগ্মসচিব ও আহ্বায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন ও পরিবীক্ষণ কমিটি, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
সভার তারিখ	২৯-০১-২০২৪
সভার সময়	বিকাল ৩:০০ ঘটিকা
স্থান	জুম প্লাটফর্ম
উপস্থিতি	রেকর্ডেড

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-১ অধিশাখা) জানান যে, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে অর্ধবার্ষিক মূল্যায়ন (জুলাই-ডিসেম্বর/২০২৩) সংক্রান্ত সভা আহ্বান করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা রয়েছে। সে পরিপ্রেক্ষিতে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে অর্ধবার্ষিক মূল্যায়ন (জুলাই-ডিসেম্বর/২০২৩) সংক্রান্ত সভা আহ্বান করা হয়েছে। সভায় দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতির কর্মপরিকল্পনা অনুযায়ী অর্ধবার্ষিক মূল্যায়ন (জুলাই-ডিসেম্বর/২০২৩) অগ্রগতি নিয়ে আলোচনা হয়।

১.২। সভায় উপসচিব (প্রশাসন-১ অধিশাখা) জানান যে, ২০২৩-২০২৪ অর্থবছরের দপ্তর/সংস্থার আপলোডকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) পর্যালোচনান্তে কিছু ত্রুটি-বিচ্যুতি লক্ষ্য করা যায়।ত্রুটি-বিচ্যুতিসমূহ আলোচনার পর সভাপতি সংশ্লিষ্ট সকলকে নিম্নোক্ত বিষয়সমূহ সেবা প্রদান প্রতিশ্রুতিতে অন্তর্ভুক্তকরণের/বিয়োজনের নির্দেশনা প্রদান করেন:

- সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) সকল সেবার তথ্য সুনির্দিষ্টক্রমে অন্তর্ভুক্তকরণ;
- সেবা প্রদানের সময়সীমার ক্ষেত্রে দিন/মাসের পরিবর্তে কার্যদিবস উল্লেখ করা তবে আইন/ বিধিতে দিন বা মাসের উল্লেখ থাকলে তা সংযোজন করা;
- প্রয়োজনীয় ফর্ম/আবেদন ফর্ম/প্রস্তাব লিংক আকারে সংযুক্তকরণ;
- সেবা মূল্যের স্পষ্ট বিবরণ উল্লেখ করতে হবে;
- অর্থ জমাদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংক হিসাব নম্বর/চালানে অর্থ জমা দিতে হলে চালানের কোড নম্বর উল্লেখকরণ;
- অর্থের প্রয়োজন না হলে বা সেবার ক্ষেত্রে সেবা মূল্যের প্রয়োজন না হলে 'বিনামূল্যে' শব্দটি সংযোজন এবং সেবামূল্য আইন/বিধি/নীতিমালা/পরিপত্র মোতাবেক উল্লেখ করা;
- সেবা প্রদানকারীর বিবরণ (সেবা প্রদানকারীর নাম, যোগাযোগের জন্য ফোন নাম্বার (অফিসের ফোন ও মোবাইল নাম্বার), ই-মেইল, ও পদবি সংযোজন;
- কাঙ্খিত সেবা না পেলে বা সেবা প্রাপ্তিতে অসন্তুষ্ট হলে সেবা প্রার্থী পর্যায়ক্রমে কোন কোন কর্মকর্তার নিকট এবং কীভাবে যোগাযোগ করবেন তা অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতির শেষে সংযোজন;
- সেবা প্রদান প্রতিশ্রুতিতে নিয়মিত কার্যক্রম; যেমন: প্রটোকল, বেতন বিল প্রস্তুত ইত্যাদি-কে সেবা হিসাবে উল্লেখ না করা;
- একাধিক সেবা একীভূত করে একই নামে অন্তর্ভুক্ত না করা;
- আবেদনপত্রের সঙ্গে যে সকল প্রয়োজনীয় তথ্য/উপাত্ত থাকা প্রয়োজন তা সুস্পষ্টভাবে উল্লেখ করা এবং চাহিত কাগজপত্রের ধরণ (যেমন: সত্যায়িত/ফটোকপি/মূলকপি/কপির সংখ্যা) সুনির্দিষ্টভাবে উল্লেখ করা;
- অন্য দপ্তর/সংস্থা/আওতাধীন দপ্তর/সংস্থার সেবাকে নিজ দপ্তরের সেবা হিসাবে উল্লেখ না করা;

- অভিযোগের প্রতিকার ও তথ্য প্রদান সংক্রান্ত বিষয় সেবা হিসাবে সেবা প্রদান প্রতিশ্রুতিতে অন্তর্ভুক্ত না করা;

১.৩। সভায় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে অর্ধবার্ষিক অর্জন (জুলাই-ডিসেম্বর/২০২৩) এর প্রতিবেদন আগামী ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে এ বিভাগে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।

০২। বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	সিদ্ধান্তের বিবরণ	বাস্তবায়নে
২.১	মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত যে সকল নির্দেশনা প্রদান করা হয়েছে তা যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে;	সকল দপ্তর/অধিদপ্তর/সংস্থা
২.২	নির্ধারিত সময়ের মধ্যে সেবা প্রদান প্রতিশ্রুতির কর্মপরিকল্পনা অনুযায়ী ২০২৩-২৪ অর্থবছরের অর্থবার্ষিক অর্জন (জুলাই-ডিসেম্বর/২০২৩) এর প্রতিবেদনের সকল প্রমাণকসহ আগামী ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে।	সকল দপ্তর/অধিদপ্তর/সংস্থা

৩। অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোহাম্মদ ইলিয়াস হোসেন
যুগ্মসচিব ও আহ্বায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন ও
পরিবীক্ষণ কমিটি, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০২০.৩১.০৬০.২০.১১৩০

তারিখ: ১৬ মাঘ ১৪৩০
৩০ জানুয়ারি ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, সমন্বয় ও সংস্কার, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ
২) চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
৩) চেয়ারম্যান, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)
৪) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
৫) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
৬) প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ (অতিরিক্ত দায়িত্ব), প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর
৭) মহাপরিচালক (যুগ্মসচিব), হাইড্রোকার্বন ইউনিট
৮) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৯) সচিব, সচিব-এর দপ্তর, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
১০) উপসচিব, সুশাসন অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
১১) প্রোগ্রামার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
১২) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
১৩) অফিস কপি

মোঃ শেখ শহিদুল ইসলাম
উপসচিব